



যশোরে ব্যবসায়ীকে বালিতে পুঁতে ৪ কোটি টাকা আদায়, বিএনপি নেতা জনি গ্রেফতার



সংগৃহীত ছবি

যশোরের অভয়নগর উপজেলার সাবেক বিএনপি নেতা আসাদুজ্জামান জনিকে যৌথ বাহিনী গ্রেফতার করেছে। অভিযোগ অনুযায়ী, তিনি এক ব্যবসায়ীকে অপহরণ করে অস্ত্রের মুখে জিম্মি করে বালুতে পুঁতে রেখে একাধিকবার মোট ৪ কোটি টাকা চাঁদা আদায় করেন। তার সহযোগী ও সাবেক ইউপি সদস্য তুহিনকেও আটক করা হয়েছে। যৌথ বাহিনীর বিশেষ অভিযানে যশোরের অভয়নগর উপজেলার আলোচিত সাবেক বিএনপি নেতা আসাদুজ্জামান জনিকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (১৪ আগস্ট) ভোরে খুলনার রোজ গার্ডেনে এ অভিযান পরিচালিত হয়। এসময় জনির সহযোগী চলিশিয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য তুহিনকেও আটক করা হয়। পুলিশ জানায়, দীর্ঘদিন ধরে পলাতক থাকা জনির বিরুদ্ধে গত বছরের জুলাই মাসে একটি চাঞ্চল্যকর অভিযোগ ওঠে। নওয়াপাড়ার ব্যবসায়ী আসমা খাতুনের স্বামীকে অপহরণ করে অস্ত্রের মুখে জিম্মি করা হয় এবং চাঁদা না দিলে হত্যার হুমকি দেওয়া হয়। পরবর্তীতে ভুক্তভোগীকে বালুতে বুক পর্যন্ত পুঁতে রেখে কয়েক ধাপে মোট ৪ কোটি টাকা আদায় করা হয়। ঘটনার পর চলতি বছরের ৩ আগস্ট আসাদুজ্জামান জনিসহ ৬ জনের বিরুদ্ধে মামলা দায়ের হয়। গ্রেফতারের পর যৌথ বাহিনী জনিকে নিয়ে নওয়াপাড়ার ইকোপার্কসহ বিভিন্ন স্থানে মাদক ও অস্ত্র উদ্ধারে অভিযান চালাচ্ছে। উল্লেখ্য, জনি নওয়াপাড়া পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক ছিলেন। তবে রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন ও চাঁদাবাজিসহ বিভিন্ন অভিযোগে তাকে দলীয় পদ থেকে ইতোমধ্যেই হুগিত করা হয়েছে।